



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ

২০১৭ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার (১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট) ফরম পূরণের বিজ্ঞপ্তি :

তারিখ: ১২/০২/২০১৮ খ্রি:

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স এবং প্রাইভেট পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/degree-pass) এ গিয়ে Apply to online form Fillup (For Student)- এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে। প্রিন্টকৃত আবেদন নিয়ে অফিস থেকে টাকা জমা দেয়ার রশিদ সংগ্রহ করে পূবালী ব্যাংক, মুন্সিগঞ্জ শাখায় জমা পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিতে হবে।

ফরম পূরণের তারিখ ও সময়: (নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট)

তারিখ	শাখা	সময়
২০/০২/২০১৮ খ্রি:	বি.এস.এস	সকাল ৯:৩০ থেকে দুপুর ১:৩০ টা পর্যন্ত
২২/০২/২০১৮ খ্রি:	বি.বি.এস	
২৫/০২/২০১৮ খ্রি:	বি.এ ও বি.এসসি	

পরীক্ষা ফি এর বিবরণ:

ক্র. নং.	ফিসের বিবরণ	টাকার পরিমাণ (নিয়মিত ও অনিয়মিত)	টাকার পরিমাণ (প্রাইভেট)
০১	পরীক্ষার ফি	৭০০.০০	৭০০.০০
০২	ইনকোর্স ফি (জা:বি:)	১০০.০০	৩০০.০০
০৩	কেন্দ্র ফি	৪৫০.০০	৪৫০.০০
০৪	ব্যবস্থাপনা	৫০.০০	৫০.০০
সর্বমোট=		১৩০০.০০	১৫০০.০০

অকৃতকার্য / মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য:

এক বিষয়	দুই বিষয়	তিন বিষয়	চার বিষয়	পাঁচ বিষয়	ছয় বিষয়
৯০০.০০	১০০০.০০	১১০০.০০	১২০০.০০	১৩০০.০০	১৪০০.০০

সার্টিফিকেট কোর্স : (পত্র ফি- ২০০/- + ইনকোর্স- ৩০০/- + কেন্দ্র ফি- ৪৫০ + ব্যব.- ৫০/-) = ১০০০/- (একহাজার) টাকা।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী

- (ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর) :
- ২০১৬-১৭ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
 - ২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫ ও ২০১৬ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
 - ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
 - ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted-C) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।
 - উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে “স্বাধীন বাংলাদেশের অভূতায়ের ইতিহাস” আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলো ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
 - ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।
- (খ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষা :
- ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা C ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
 - ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের ১ম বর্ষের পরীক্ষায় অনুপস্থিত কোর্সে পরীক্ষা দিয়ে C অথবা D গ্রেড পেয়েছে সে সকল শিক্ষার্থীগণ ২০১৭ সালের এ পরীক্ষায় অনুপস্থিত কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- (গ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) :
- ২০১৬-১৭ শিক্ষাবর্ষের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
 - এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

আবেদন ফরম পূরণের নিয়ম ও প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ:

- * রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (সত্যায়িত) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- * প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।
- * ব্যাংকে টাকা জমা দেওয়ার রশিদের ফটোকপি দিতে হবে।

বিঃদ্র: নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।

অধ্যক্ষ
সরকারি হরগঙ্গা কলেজ
মুন্সিগঞ্জ
১২/০২/১৮